# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৫০

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫২. এর জন্য (রান্না করা খাবার খেয়ে) ওযু না করার অবকাশ প্রদান

بَابُ الرُّخْصَةِ فِي تَرْكِ الْوُضُوءِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابٍ حَدَّثَنِي جَعْفَرُ بْنُ عَمْرِو بْنِ أُمَيَّةَ أَنَّ أَبَاهُ عَمْرَو بْنَ أُمَيَّةَ أَخْبَرَهُ أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْتَزُّ مِنْ كَتِفِ شَاةٍ فِي يَدِهِ ثُمَّ دُعِيَ إِلَى الصَّلَاةِ فَأَلْقَى السِّكِّينَ الَّتِي كَانَ يَحْتَزُّ بِهَا ثُمَّ قَامَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأْ

إسناده ضعيف كسابقه ولكن الحديث صحيح

বাংলা

৭৫০. আমর ইবনু উমাইয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখলাম, তিনি নিজে হাতে একটি বকরীর কাঁধের মাংশ কাটছেন। (তারপর তিনি তা থেকে খেলেন[1]) এরপর সালাতের জন্য ডাকা হলে তিনি যে ছুরি দিয়ে মাংস কাটছিলেন, তা ছুঁড়ে ফেলে দিলেন এবং দাঁড়িয়ে গেলেন। এরপর সালাত আদায় করলেন কিন্তু তিনি ওযু করেননি।”[2]

ফুটনোট

[1] (এটি রয়েছে সহীহ মুসলিমে-অনুবাদক)।

[2] তাহক্বীক্ব: এর সনদ আগেরটির মতই যয়ীফ। কিন্তু হাদীসটি সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৩৫৫; আমরা পূর্ণাঙ্গ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং ১১৪১; মাজমাউয যাওয়াইদ নং ১৩৩৪-১৩৬৭ এ আমাদের তাহক্বীক্বকৃত। আরও দেখুন, নাইলুল আওতার ১/২৫২, ২৫৫, ২৬২-২৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর ইবনু উমাইয়াহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76126

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন